



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর, বাংলাদেশ

ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়

জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর

ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০

mail: pr@nu.edu.bd

তারিখ: ০৩-০৬-২০১৮

## সংবাদ বিজ্ঞপ্তি

### কলেজ পর্যায়ে ট্যুরিজম শিক্ষার ওপর গুরুত্বারোপ করা হচ্ছে

– উপাচার্য ড. হারুন-অর-রশিদ

অদ্য ০৩-০৬-২০১৮ তারিখ সকাল ১১টায় জাতীয় বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসের সিনেট হলে ‘ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট’ বিষয়ের কলেজ শিক্ষকদের দুই সপ্তাহব্যাপী প্রশিক্ষণ শেষে সনদ প্রদান ও সমাপনী অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. হারুন-অর-রশিদ প্রধান অতিথির ভাষণে বলেন, “পর্যটন আমাদের দেশে দ্রুত বিকাশমান একটি খাত। পর্যটন শিল্পের উন্নয়নে প্রশিক্ষিত গ্র্যাজুয়েটগণ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে সক্ষম। জাতীয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের কর্মসংস্থান ও দেশের উন্নয়ন-সমৃদ্ধি অর্জনে তাদের ভূমিকা বিবেচনায় রেখে জাতীয় বিশ্ববিদ্যালয় ও এর অধিভুক্ত কতিপয় কলেজে ‘ট্যুরিজম এন্ড হসপিটালিটি ম্যানেজমেন্ট’ বিষয়ক নতুন শিক্ষা কোর্স চালু করা হয়েছে। বর্তমানে ৯টি কলেজের স্নাতক (সম্মান) পর্যায়ে দুই শতাধিক শিক্ষার্থী এ বিষয়ে পড়াশুনা করছে। কলেজ পর্যায়ে নতুন এ ডিসিপ্লিন-কে আরো উৎসাহিত ও সম্প্রসারিত করা হবে।”

স্নাতকোত্তর স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ আনোয়ার হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত অনুষ্ঠানে প্রশিক্ষণ কোর্স কো-অর্ডিনেটর অধ্যাপক ড. সৈয়দ রাশিদুল হাসান বক্তব্য রাখেন। অনুষ্ঠানে প্রো-উপাচার্য অধ্যাপক ড. মোঃ মশিউর রহমান, প্রফেসর ড. হাফিজ মুহম্মদ হাসান বাবু ও কোষাধ্যক্ষ অধ্যাপক মোঃ নোমান উর রশীদ উপস্থিত ছিলেন। সবশেষে প্রশিক্ষণার্থী কলেজ শিক্ষকদের সদন প্রদান করা হয়। উল্লেখ্য, ট্যুরিজম বিষয়ে এরূপ প্রশিক্ষণ এই প্রথম এবং ৯টি কলেজের ২৭জন শিক্ষক এতে অংশগ্রহণ করেন।



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.edu.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
mail: pr@nu.edu.bd



(মোঃ ফয়জুল করিম)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়